তারাদের কথা

মাদকযোগে নাম জড়াল কমেডিয়ান ভারতী সিংয়ের

বলিউডে মাদকযোগের তদন্তে এবার নাম জড়াল প্রখ্যাত কমেডিয়ান ভারতী সিংয়ের। কৌতুকশিল্পীর মুম্বইয়ের বাড়িতে তল্লাশি চালাল নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো। শোনা যাচ্ছে, মাদক সেবনের অভিযোগ রয়েছে ভারতী এবং তাঁর স্বামী হর্ষ লিম্বাচিয়ার বিরুদ্ধে। দু'জনকেই জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়েছে।

সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর থেকেই বলিউডের মাদকযোগ খতিয়ে দেখতে তৎপর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো। মাদক কারবারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে রিয়া চক্রবর্তী, তাঁর ভাই শৌভিক সহ ১৮ জনেরও বেশি অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। শর্তসাপেক্ষ জামিনে রিয়া মুক্তি পেলেও তাঁর ভাই এখনও বিচারবিভাগীয় হেফাজতে। মাদকযোগের তদন্তে ইতিমধ্যেই দীপিকা পাড়ুকোন, সুশান্ত ঘনিষ্ঠ সারা আলি খান, শ্রদ্ধা কাপুর এবং রকুলপ্রীত সিংকে জিজ্ঞাসাবাদ করেছেন এনসিবি আধিকারিকরা। প্রেমিকা গ্যাব্রিয়েলার ভাই মাদক সমেত ধরা পড়ায় এনসিবির প্রশ্নবাণের মুখোমুখি হতে হয়েছে অর্জুন রামপালকেও। গ্যাব্রিয়েলাকেও জবাবদিহি করতে হয়েছে। তবে নেটিজেনরা আশ্চর্য হয়েছেন মাদক মামলায় কমেডিয়ান ভারতীয় সিংয়ের নাম জড়ানোয়। 'দ্য গ্রেট ইন্ডিয়ান লাফটার চ্যালেঞ্জ' শোয়ের মাধ্যমে হিন্দি টেলিভিশন জগতে যাত্রা শুরু করেন ভারতী। তারপর একের পর এক কমেডি ও রিয়ালিটি শোয়ের মাধ্যমে দর্শকদের নজরে পড়েন। ২০১৭ সালে চিত্রনাট্যকার হর্ষ লিম্বাচিয়াকে বিয়ে করেন। ভারতীর সঙ্গে জুটি বেঁধে ক্যামেরার সামনে পরিচিতি পান হর্ষও। বর্তমানে কপিল শর্মার কমেডি শোয়ের অন্যতম অঙ্গ ভারতী। পাশাপাশি তিনি জাতীয় স্তরের তিরন্দাজ ও পিস্তল শুটার।

এদিকে সুশান্ত মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের সন্দেহের তালিকায় রয়েছেন প্রযোজক দীনেশ ভিজান। দীনেশ প্রযোজিত 'রাবতা' ছবিতে কৃতী শ্যাননের সঙ্গে অভিনয় করেছিলেন সুশান্ত। সূত্রের খবর, ছবির বাজেট সংক্রান্ত কাগজপত্রে নাকি গরমিল রয়েছে। বিদেশে শুটিংয়ের হিসেব নাকি দেখাতে পারেননি প্রযোজক।

বহুদিন বাদে বুদ্ধদেবের ছবি

মুক্তি পেল নওয়াজউদ্দিন সিদ্দিকি অভিনীত, বুদ্ধদেব দাশগুপ্ত পরিচালিত 'আনওয়ার কা আজব কিসসা' ছবির ট্রেলার। ১৯৮৪ সালে কুলভূষণ খরবন্দা ও দীপ্তি নাভালের সঙ্গে বুদ্ধদেব দাশগুপ্ত তৈরি করেছিলেন 'অন্ধি গলি'। তারপর ২০১৩ সাল পর্যন্ত আর কোনও হিন্দি ছবি তৈরি করেননি। ২০১১ সালেই 'আনওয়ার কা আজব কিসসা'র চিত্রনাট্য লিখে ফেলেছিলেন। কিন্তু এমন কোনও অভিনেতা পাচ্ছিলেন না, যাকে দেখতে সাধারণ অথচ অভিনয়ে তুখোড়। ডার্ক কমেডির মুডটাকে ধরে রাখতে পারবেন এমন কোনও অভিনেতার জন্য অপেক্ষা করছিলেন বুদ্ধদেব।

২০১২ সালে মুক্তি পায় 'কাহানি' এবং 'গ্যাংস অফ ওয়াসেপুর'। নওয়াজউদ্দিন সিদ্দিকিকে পছন্দ হয়ে যায় জাতীয় পুরস্কারজয়ী পরিচালকের। ২০১৩ সালের এপ্রিল মাসে বিহারের শিমূলতলায় ছবির শুটিং শুরু করেন বুদ্ধদেব। কিন্তু মাওবাদীরা বন্ধ ডাকায় সেখানে তাড়াতাড়ি শুটিং গুটিয়ে ফেলতে হয়। ছবির বাকি শুটিং হয় কলকাতায়। মুখ্য চরিত্রে নওয়াজ ছাড়াও ছবিতে রয়েছেন পঙ্কজ ত্রিপাঠি। অমলের ভূমিকায় অভিনয় করেছেন তিনি। অনন্যা চট্টোপাধ্যায় রয়েছেন অমলের স্ত্রী মালিনীর চরিত্রে। অভিনয় করেছেন তাপস পালের কন্যা সোহিনী পাল। ইতিমধ্যেই একাধিক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রশংসা পেয়েছে ছবিটি। বহুদিন বাদে বুদ্ধদেব দাশগুপ্তের ছবির প্রতীক্ষায় দর্শকরা।



করণের বিরুদ্ধে চুরির অভিযোগ

বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর থেকেই সময়টা ভালো যাচ্ছে না করণ জোহারের। সোশ্যাল মিডিয়ায় তুমুল কটাক্ষের পাত্র হতে হয়েছে প্রযোজক-পরিচালককে। একের পর এক টুইটে তাঁকে বিঁধেছেন কঙ্গনা রানাওয়াত। এবার প্রকাশ্যে নাম চুরির অভিযোগ আনলেন জাতীয় পুরস্কারজয়ী পরিচালক মধুর ভাণ্ডারকর।

২৭ নভেম্বর থেকে নেটফ্লিক্সে দেখা যাবে রিয়ালিটি সিরিজ 'ফ্যাবিউলাস লাইভস অফ বলিউড ওয়াইভস'। সিরিজে বলিউড তারকাদের স্ত্রীর বিলাসবহুল জীবনযাপনের কাহিনী তুলে ধরা হয়েছে। রয়েছেন শাহরুখপত্নী গৌরী খান, সঞ্জয় কাপুরের স্ত্রী সীমা খান, চাঙ্কি পাণ্ডের স্ত্রীর ভাবনা পাণ্ডে। এছাড়াও দেখা যাবে প্রাক্তন অভিনেত্রী নীলমকে। এই সিরিজের নাম নিয়েই আপত্তি রয়েছে মধুর ভাণ্ডারকরের।

নিজের টুইটার প্রোফাইলে পদ্মশ্রী সম্মান পাওয়া পরিচালক লিখেছেন, প্রিয় করণ জোহার, আপনি এবং অপূর্ব মেহতা আমার কাছে 'বলিউড ওয়াইভস' নামটি ওয়েব প্রজেক্টের জন্য চেয়েছিলেন। আমি তাতে না করে দিয়েছিলাম। কারণ আমার প্রজেক্টের কাজ চলছে। সেই নামকে চালাকি করে 'ফ্যাবুলাস লাইভস অফ বলিউড ওয়াইভস' করে নেওয়া নীতিগতভাবে অনুচিত। দয়া করে আমার প্রজেক্টের ক্ষতি করবেন না। বিনীতভাবে অনুরোধ করছি নিজের সিরিজের নাম পাল্টান।

সুশান্তের মৃত্যুর পর থেকে এমনিতেই সোশ্যাল মিডিয়ার বেশিরভাগের অপছন্দের তালিকায় করণ জোহার। সমালোচনার জেরে ভার্চুয়াল জগতে নিজের গতিবিধিও সীমিত করে দিয়েছেন প্রযোজক-পরিচালক।

মধুরের এই টুইটে নতুন বিতর্কের সূত্রপাত হয়েছে। অনেকেই মধুরের পাশে দাঁড়িয়ে করণকে একহাত নিয়েছেন।

পরিচালনায় আসছেন রাহুল অরুণোদয়

অভিনয়ে যতদিন এসেছেন, ততদিনই নতুন ধরনের চরিত্র আর ভাবনাচিন্তা তাঁর বরাবরের সম্পদ। তিনি রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়। অভিনয়ে ব্যতিক্রমী চরিত্রে রূপদান করার পরে এবার তিনি আরও এক নতুন দিগন্তে। পরিচালনায়।

সদ্য শেষ করেছেন রাজর্ষি দে পরিচালিত 'আবার কাঞ্চনজঙ্ঘা' ছবির শুটিং। এ ছবিতে তিনি খলনায়কের চরিত্রে। এবার রাহুল করবেন পরিচালনা। গোটা লকডাউন জুড়ে প্রি প্রোডাকশন নিয়ে ভাবনাচিন্তা করেছেন। শুরুতেই ওটিটি বা ছোটপর্দা নয়, একেবারে ফিচার ছবির ভাবনাচিন্তা করছেন রাহুল।

কাকে নিয়ে ছবি করবেন? ঋত্বিক চক্রবর্তী। রাহুলের প্রিয় অভিনেতা। ঋত্বিক যখন আসছেন, ভিন্ন ধারার কাজ হবে নিশ্চিত। নায়িকার ভূমিকায় কে থাকবেন, এখনও জানা নেই। বাছাইয়ের কাজ চলছে। আগামী এপ্রিল থেকে শুরু হবে শুটিং।

আসছে সঞ্জয় দত্তর ছবি 'তোরবাজ'

আপাতত সুস্থ সঞ্জয় দত্ত। বলিউড অভিনেতা ফিরেছেন কাজে। তাঁর ভক্তদের জন্য সুখবর, মুক্তি পেতে চলেছে 'তোরবাজ'। ১১ ডিসেম্বর নেটফ্লিক্সে হবে ছবিটির প্রিমিয়ার। ছবির প্রেক্ষাপট আফগানিস্তান। সঞ্জয় দত্তকে দেখা যাবে একজন আর্মি অফিসারের চরিত্রে। লকডাউনের মধ্যে গত জুলাই মাসে ঘোষিত হয়েছিল এই ছবির কথা। ইতিমধ্যেই সামনে এসেছে ট্রেলার। ট্রেলারটি মন জয় করেছে দর্শকদের। ছবিটির পাশাপাশি সঞ্জয় দত্তর হাতে আছে বেশ কয়েকটি ছবির কাজ।

অনুষ্কার ছবিতে সিঁদুর, বিতর্কে ইউটিউব

সাদা চুড়িদার ও সালোয়ার পরে ক্যামেরার সামনে হাসিমুখে পোজ দিয়েছিলেন বলিউড সুন্দরী অনুষ্কা শর্মা। সকলকে দিওয়ালির শুভেচ্ছা জানিয়েছিলেন। সেই ছবির জন্য সোশ্যাল মিডিয়ায় চর্চায় অভিনেত্রী। এতে অবশ্য তাঁর কোনও ভূমিকা নেই। একটি ইউটিউব চ্যানেলের কাণ্ডের জেরেই নেটদুনিয়ায় ট্রেন্ডিং বিরাটপত্নী। 'ইউনিভার্সাল ইন সাইটস' নামের ওই চ্যানেলে অনুষ্কার ছবিটি শেয়ার করা হয়। আর ছবিতে তাঁর মাথায় ফোটোশপ করে সিঁদুর দেওয়া হয়। এতেই ক্ষিপ্ত হন নেটিজেনরা। বেশিরভাগের মতে সিঁদুর পরা না পরা একজন নারীর ব্যক্তিগত বিষয়। তাঁর কী করা উচিত কী করা উচিত নয়, তা বলার অধিকার কারও নেই।

২৭ অগাস্ট সোশ্যাল মিডিয়ায় বিরাট ও অনুষ্কা নিজেদের প্রথম সন্তানের আগমন বার্তা দেন। তারপর থেকেই নানা ছবি সোশ্যাল মিডিয়ায় আপলোড করেছেন অভিনেত্রী। সন্তানসম্ভবা অবস্থাতেই দুবাইয়ে আইপিএলের আসরে বিরাটের সঙ্গে ছিলেন। সেখানেও ছবি আপলোড করায় খামতি ছিল না। সোশ্যাল মিডিয়ার তরজায় অবশ্য তাঁর ছবি শেয়ার করার স্বাভাবিক প্রক্রিয়ায় কোনও প্রভাব পড়েনি। দিওয়ালির এই ছবির পরই আবার নিজের 'পারফেক্ট চা' পানের মুহূর্ত সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন অনুষ্কা। ছবিটি তুলেছেন তাঁর বাবা। ক্যাপশনে সে কথাও জানিয়েছেন।

গান গাইলেন ঋতাভরী

গানের জগতে প্রবেশ করলেন অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী। নিজের মিউজিক ভিডিওর জন্য প্রথমবার প্লে ব্যাক করলেন তিনি। নিজেই লিখেছেন গানটি। ঋতাভরীর নতুন এই মিউজিক ভিডিওয় থাকছে আরও চমক। ভিডিওয় তাঁর সঙ্গে দেখা যাবে 'থাপ্পড়' খ্যাত অভিনেতা পাভেল গুলাটিকে। 'থাপ্পড়' ছাড়াও 'মেড ইন হেভেন' সিরিজ এবং 'ঘোস্ট স্টোরিজ'-এর মতো ওয়েব অরিজিনাল ছবিতেও নজর কেড়েছেন পাভেল। জানা গিয়েছে, বাংলা ও হিন্দি দুই ভাষাতেই গানটি গেয়েছেন ঋতাভরী। দুই ভাবেই মিউজিক ভিডিওর শুটিং হয়েছে।

ভিডিওর শুটিং করার জন্য কলকাতা এসেছিলেন পাভেল। চলতি বছরেই 'ব্রহ্মা জানেন গোপন কম্মটি' ছবিতে মহিলা পুরোহিতের চরিত্রে অভিনয় করেছেন ঋতাভরী। পরমব্রত চট্টোপাধ্যায়ের পরিচালনায় 'তিকি তাকা' ছবিতে আবার হয়েছিলেন সাংবাদিক। এবার অঙ্কুশের সঙ্গে 'এফআইআর'-এ দেখা যাবে অভিনেত্রীকে। এত ব্যস্ততার মাঝেও সেরে ফেলেছেন নতুন মিউজিক ভিডিওর শুটিং। ভক্তরা মুখিয়ে আছেন তাঁর গান শোনার জন্য!

অমিতাভের কোম্পানির চিঠি আজও আগলে রাখেন জিৎ

মহার্ঘ্য স্মৃতির মতোই অমিতাভের চিঠি আগলে রেখেছেন জিৎ। হ্যাঁ, ঠিকই পড়ছেন। অমিতাভ বচ্চনের এবিসিএল থেকে চিঠি গিয়েছিল জিতের কাছে। সেই চিঠিই মহার্ঘ্য সম্পদের মতো আগলে রেখেছেন জিৎ।

এ চিঠি অবশ্য সেই জিতের কাছে গিয়েছিল, যিনি তখনও বাংলার মেগাস্টার হননি। কঠিন লড়াই নিয়ে বাংলা থেকে মুম্বইয়ে ছুটে বেড়াচ্ছেন। সালটা ১৯৯৬।

সে সময় বচ্চন সাহেবের সংস্থা এবিসিএল উঠতি তারকাদের জন্য একটি প্রতিযোগিতা শুরু করেছিল, যার নাম স্টারট্র্যাক। নতুন অভিনেতাদের কাজের সুযোগ করে দেওয়াই ছিল এই প্রতিযোগিতার মূল লক্ষ্য। সেখানেই অংশগ্রহণ করেছিলেন জিৎ।

নাম নথিভুক্ত করানোর পর ডাকও পেয়ে যান। অমিতাভের সংস্থার কাছে তাঁকে ইন্টারভিউ দিতে হয়েছিল কলকাতারই তাজ বেঙ্গল হোটেলে।

বহুকাল আগের কথা হলেও জিৎ যখের ধনের মতো সে চিঠি নিজের কাছে রেখে দিয়েছেন। আসলে জিৎ নিজে আদ্যন্ত বচ্চন অনুরাগী। অমিতাভকে তিনি গুরুর স্থান দেন। অমিতাভের সম্মানে 'বোল বচ্চন' নামে একটি ছবিও করেছেন। আর অমিতাভও জিৎকে যথেষ্ট স্নেহ করেন।

সলমনের 'রাধে'র মুক্তির দিন জানালেন নির্মাতারা

ইদ মানেই সলমন খানের ছবি মুক্তি। গত কয়েক বছর ধরে তেমনটাই হয়ে আসছে। যদিও চলতি বছর করোনার প্রকোপে তেমনটা হয়নি। তবে আগামী বছর ফের ইদেই ফিরবেন দাবাং খান। নতুন করে বিষয়টি নিশ্চিত করলেন নির্মাতারা। সঙ্গে এও জানিয়ে দিলেন, ডিজিটাল প্ল্যাটফর্ম নয়, সিনেমা হলেই মুক্তি পাবে 'রাধে: ইওর মোস্ট ওয়ান্টেড ভাই'।

করোনা মহামারীর কারণে দীর্ঘদিন বন্ধ ছিল সিনেমা হল। আনলক পর্বে প্রেক্ষাগৃহ খুললেও অনেক ছবি এখনও মুক্তি পাচ্ছে ডিজিটাল প্ল্যাটফর্মে। কারণ হলে গিয়ে সিনেমা দেখার প্রবণতা এখন অনেকটাই কম। এমন পরিস্থিতিতে তাই সলমনের রাধেও হয়তো এই ওটিটি প্ল্যাটফর্মেই মুক্তি পাবে, মাঝে এমন খবরই ছড়িয়ে পড়েছিল। তবে নির্মাতারা স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ভাইজানের ছবি সিনেমা হলেই আসবে। একই কথা টুইট করে নিশ্চিত করেছেন ফিল্ম বিশ্লেষক তরণ আদর্শও। অর্থাৎ আগামী বছর ইদে সেই আগের মতো করেই সলমনের দেখা মিলবে বড়পর্দায়। এছাড়া তাঁর আপকামিং ছবির মধ্যে রয়েছে 'অন্তিম', 'কিক ২' এবং 'কভি ইদ কভি দিওয়ালি'। এছাড়াও তাঁকে দেখা যেতে পারে টাইগার সিরিজের তৃতীয় ছবিতে। আমিরের 'লাল সিং চাড্ডা' ছবিতে ক্যামিও চরিত্রে সলমনকে দেখা যাবে বলে খবর। এই ছবিতে থাকছেন শাহরুখও। সলমন-শাহরুখ অভিনয করবেন প্রেম এবং রাজ চরিত্রে।

শিক্ষামূলক বিজ্ঞাপনে তিন পাত্তির কামাল

বিজ্ঞাপনে বলিউড কোনও নতুন বিষয় নয়। বলিউডি তারকাদের বিজ্ঞাপন বিষয়টি অত্যন্ত প্রচলিত। তবে নতুন ট্রেন্ড যেটা, শিক্ষাক্ষেত্রের বিজ্ঞাপনে তিন নামের বাড়বাড়ন্ত। শাহরুখ খান, আয়ুষ্মান খুরানা, রণবীর সিং। এই তিন মুখেরই জয়জয়কার। কেন? বিজ্ঞাপন বিশেষজ্ঞরা বলছেন, শাহরুখ খানের বিশ্বাসযোগ্যতা যথেষ্ট। তিনি যা বলেন, সবটাই মানুষের হৃদয়ে পৌঁছয়। বিশেষ করে তরুণ প্রজন্মের কাছে তাঁর গ্রহণযোগ্যতা এখনও প্রশ্নাতীত। এ কারণেই শিক্ষার বিজ্ঞাপনে শাহরুখ। আয়ুষ্মান খুরানা ব্যতিক্রমী গোত্রের কাজ করতে অভ্যস্ত। আর সেগুলো সবই অত্যন্ত জনপ্রিয়। তাই তাঁর আবেদন তরুণ প্রজন্মের কাছে ভীষণরকম। যে কারণে এই বিজ্ঞাপনে আয়ুষ্মান একচেটিয়া।

রণবীর সিং পুরোদস্তুর বিনোদন ব্যক্তিত্ব। এন্টারটেনার। সেই সঙ্গে জনপ্রিয় নায়কও। তরুণদের কাছে রণবীর আইকন। শিক্ষাক্ষেত্রের বিজ্ঞাপনে রণবীরের চাহিদা তাই ঊর্ধ্বমুখী।

শ্রাবন্তীকে অশ্লীল বার্তাপ্রেরক গ্রেপ্তার

বাংলাদেশ থেকে শ্রাবন্তীকে অশ্লীল মেসেজ পাঠানোর অভিযোগ বেশ কিছুদিনের। শুধু তাঁকেই ব্যক্তিগত আক্রমণ করা হয়নি। আক্রমণ করা হয়েছে ভারতকেও। নম্বর ব্লক করে দিলেও মিলছিল না রেহাই। একের পর এক নম্বর থেকে বার্তা আসছিল অবিরাম। সেপ্টেম্বর মাসে বিষয়টি নিয়ে হাই কমিশনেও যোগাযোগ করেছিলেন শ্রাবন্তী। সম্প্রতি ওপার বাংলার খুলনা থেকে গ্রেপ্তার করা হয়েছে মাহাবুব রহমানকে।

শুধু সোশ্যাল মিডিয়াতেই নয়। তার গণ্ডি ছাড়িয়ে ব্যক্তিজীবনও অতিষ্ঠ হয়ে উঠছিল শ্রাবন্তীর। অশ্লীল মেসেজ আর অশ্লীল ভিডিও একের পর এক আসছিল বাংলাদেশের কোনও নম্বর থেকে। আসছিল বিভিন্ন কুপ্রস্তাবও। এরপর বাধ্য হয়েই হাই কমিনের সঙ্গে যোগাযোগ করেন শ্রাবন্তী।

খবরে প্রকাশ, কলকাতা থেকে হাই কমিশন শ্রাবন্তীর অভিযোগ ফরোয়ার্ড করেছিলেন সে দেশের স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে। অভিযোগের ভিত্তিতে খুলনা মেট্রোপলিটন পুলিশের সোনাডাঙা মডেল থানায় গত ১৬ নভেম্বর মামলা রুজু করে পুলিশ।

এর পরই বছর তেত্রিশের মাহবুবকে গ্রেপ্তার করে পুলিশ। আদালতে তার পাঁচ দিনের পুলিশি হেফাজত মঞ্জুর হয়।

অবশেষে অনির্বাণের বিয়ে



অবশেষে শুভক্ষণ উপস্থিত। ২৬ নভেম্বর বিয়ে করতে চলেছেন অভিনেতা অনির্বাণ ভট্টাচার্য। পাত্রী তাঁর দীর্ঘদিনের বান্ধবী মধুরিমা গোস্বামী। যিনি নাট্যচর্চার সঙ্গে যুক্ত। অনির্বাণ-মধুরিমা একসঙ্গে বেশ কিছু নাট্য প্রযোজনায় কাজও করেছেন। মধুরিমার বেড়ে ওঠা একেবারে সাংস্কৃতিক আবহে। তাঁর বাবা পদ্মশ্রীখ্যাত মূকাভিনয় শিল্পী নিরঞ্জন গোস্বামী। মধুরিমার পড়াশোনাও থিয়েটার নিয়ে। অনির্বাণের মতোই তিনিও সমাজ ও রাজনীতি সচেতন মানুষ। দু'জনেই সংস্কৃতি জগতের, ফলে তাঁদের মনের মিল ছিলই, এবার চার হাত এক হওয়া ছিল শুধু সময়ের অপেক্ষা মাত্র। তাঁদের বিয়েটা হতে চলেছে প্রথাভাঙা পথেই। মন্ত্রোচ্চারণ করে সাতপাকে বাঁধা নয়। ওই সময়টা বাঁচিয়ে গল্প-গান-মজা-খাওয়াদাওয়ার মাধ্যমে তাঁরা সেরে নেবেন শুভ কাজটি। আগামী বৃহস্পতিবার সল্টলেকে ন্যাশনাল মাইম ইনস্টিটিউটে বসছে আসর।

বছরটা ইন্ডাস্ট্রির জন্য বেশ খারাপ গেলেও, অনির্বাণের ব্যক্তিগত কেরিয়ারগ্রাফ কিন্তু বেশ ভালো। বছরের শুরুতে 'দ্বিতীয় পুরুষ'-এর সাফল্য, লকডাউনের পরে প্রথম বাংলা ছবি হিসাবে 'হইচই' প্ল্যাটফর্মে তাঁর অভিনীত 'ডিটেকটিভ' মুক্তি পেয়েছিল, যা এখন সিনেমা হলে চলছে। অন্যদিকে পুজোয় মুক্তি পেয়েছিল 'ড্রাকুলা স্যর'। যার নাম ভূমিকায় তিনি। ছবিটি অন্য সব ছবির থেকে ভালো ব্যবসা দিয়েছে এবং সমালোচকদের প্রশংসাও পেয়েছে। এছাড়া তিনি কাজ করছেন ধ্রুব বন্দ্যোপাধ্যায় পরিচালিত, দেব অভিনীত 'গোলন্দাজ'-এ। কথা চলছে আরও বেশ কিছু প্রজেক্টের। এসবের মাঝেই করোনা পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে আসতে সিনেমা হল খুলল এবং মানুষের জীবন ছন্দে আসতেই পাওয়া গেল তাঁর ব্যক্তিগত জীবনের সুখবরটি।

টিম তারাদের কথা মহুয়া বন্দ্যোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha